# পশুখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাজারজাতকারক (ক্যাটগরি-১ ভেট প্রিমিক্স) লাইসেন্স প্রাপ্তির নির্দেশিকা, ২০২০

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

ডাঃ মোঃ ছরোয়ার হোসেন শিকদার
উপপরিচালক
লেজিসলেশন ও প্রশাসন/নিবন্ধন/সার্টিফিকেশন
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

**১.০ ভূমিকাঃ**

প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ ও পশুখাদ্য বিধিমালা, ২০১৩ অনুসরনপূর্বক পশুখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাজারজাতকারক ক্যাটগরি-১ (ভেট প্রিমিক্স) লাইসেন্স প্রদান করে থাকে। এই নির্দেশিকাটি উক্ত আইন ও বিধিমালার আলোকে পরিচালিত হবে। লাইসেন্স প্রদানের ক্ষেত্রে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক মনোনীত ১০(দশ) জন কর্মকর্তার সমন্বয়ে একটি কার্যকরী কমিটি থাকবে। উক্ত কমিটি যাচাই-বাছাইপূর্বক নতুন লাইসেন্স প্রদান/নবায়ন এর ক্ষেত্রে অনুমোদন প্রদান করবে। কমিটির সভাপতি হবেন পরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ।

**২.০ স্থাপনা/কারখানাঃ**

পশুখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাজারজাতকারক ক্যাটগরি-১ (ভেট প্রিমিক্স) তৈরির কারখানা ঘনবসতিপূর্ণ এলাকার বাইরে, ভাল যোগাযোগ ব্যবস্থা ও বর্জ্য ব্যবস্থাপনাসহ সুনির্দিষ্টস্থানে (যেমন-ইন্ডাষ্ট্রিয়াল এরিয়া/বিসিক) স্থাপন করতে হবে। কোন আবাসিক এলাকার ভিতর/বাসস্থানের পাশে/বাস উপযোগী ফ্ল্যাটের কয়েকটি রুম ভাড়া নিয়ে কারখানা স্থাপনা করা যাবে না। কারখানা স্থাপনের পর প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক লাইসেন্স প্রদানের নিমিত্তে আবশ্যিকভাবে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র/অবস্থানগত ছাড়পত্র গ্রহণ করতে হবে।

৩.০ বিদেশী কোম্পানীর ক্ষেত্রেঃ

কোন বিদেশী কোম্পানী/প্রতিষ্ঠান পশুখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাজারজাতকারক (ক্যাটগরি-১ ভেট প্রিমিক্স) কারখানা স্থাপনের ক্ষেত্রে Bangladesh Investment Development Authority-BIDA এর অনুমোদন থাকতে হবে। এক্ষেত্রে Foreign Private Investment (Promotion and Protection) Act, 1980 এবং Industrial Policy, 2016 অনুসরণপূর্বক অনুমোদন দেয়া হবে।

৪.০ কোম্পানীর নামকরণঃ

কোন কোম্পানীর নামকরণের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাদি প্রযোজ্য হইবেঃ

ক. কোন কোম্পানী বিদ্যমান এমন কোন নাম (যে নামে অত্র দপ্তর হতে অন্য কোন প্রকার লাইসেন্স গ্রহণ করা হয়েছে) ব্যবহার করা বা কিছুটা পরিবর্তিত বা উচ্চারণগত সামঞ্জস্যপূর্ণ এমন কোন নাম ব্যবহার করবে না যা পণ্য ক্রয়কারীর মধ্যে কোন প্রকার ভ্রান্তির জন্ম দেয়।

খ. কোন সংস্থার নাম বা বহুল প্রচলিত ট্রেডমার্ক বা শব্দ ব্যবহার করে কোন নামকরণ করা যাবে না (যেমন- ওয়ান হেলথ, ভেট কেয়ার, ভেট বিডি, কৃষিবিদ, এনিমেল কেয়ার)। এক্ষেত্রে প্রাণিসম্পদ অধিদপ্তরের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

গ. বিদেশী কোন কোম্পানীর নাম (উক্ত বিদেশী কোম্পানী ব্যতীত) ব্যবহার করা যাবে না বা কাছাকাছি কোন নাম গ্রহণ করা যাবে না। এক্ষেত্রে প্রাণিসম্পদ অধিদপ্তরের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঘ. যে নাম ব্যবহার করে ক্যাটগরি-২ বা ক্যাটগরি-১ (ফিড মিল) বা খামারের নামকরণ করা হয়েছে উক্ত নাম পুনরায় ব্যবহার করা যাবে না।

**৫.০ উৎপাদিত পণ্যের নামকরণঃ**

উৎপাদিত পণ্যর ক্ষেত্রে বিদ্যমান এমন কোন নাম ব্যবহার করা বা কিছুটা পরিবর্তিত বা উচ্চারণগত সামঞ্জস্যপূণ এমন কোন নাম ব্যবহার করা যাবে না যা পণ্য ক্রয়কারীর মধ্যে কোন প্রকার ভ্রান্তির জন্ম দেয়। বিদেশী কোন কোম্পানীর উৎপাদিত

...র নাম (উক্ত বিদেশী কোম্পানী ব্যতীত) কোনভাবেই ব্যবহার করা যাবে না বা কাছাকাছি কোন নাম গ্রহণ করা যাবে না। ...ক্ষেত্রে ট্রেডমার্ককৃত পণ্য অগ্রাধিকার পাবে।

৬.০ পরিদর্শনঃ

পশুখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাজারজাতকারক (ক্যাটগরি-১ ভেট প্রিমিক্স) নতুন লাইসেন্স প্রাপ্তি ও লাইসেন্স নবায়নের ক্ষেত্রে এবং ক্ষেত্র বিশেষে মাঠ পযায়ে নিম্নোক্ত ৩(তিন) সদস্য বিশিষ্ট ১টি কমিটি থাকবে।

| | |
|---|---|
| ক. বিভাগীয় প্রানিসম্পদ কর্মকর্তা | -সভাপতি |
| খ. জেলা প্রানিসম্পদ কর্মকর্তা | -সদস্য সচিব |
| গ. উপজেলা প্রানিসম্পাদ কর্মকর্তা | -সদস্য |

উক্ত কমিটির কর্মপরিধি হবে নিম্নরুপঃ

১. কমিটির ন্যূনতম ২/৩ জন সদস্য সরেজমিন স্থাপনা পরিদশন করবেন।
২. উক্ত কমিটি পশুখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাজারজাতকারক (প্রিমিক্স) তৈরীতে যেসকল কাগজপত্র/সনদ প্রদান করতে হবে তা যথাযথভাবে যাচাই করবেন এবং জনবল সম্পকিত তথ্যর সঠিকতা যাচাই।
৩. যন্ত্রপাতি ও কারখানা সরেজমিন পরিদশন করবেন এবং আবেদনপত্রে যে SOP (Standard Operational Procedure)/Flow Diagram, এর বণনা করা হয়েছে তা যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে কি-না।
৪. ল্যাবরেটরির যন্ত্রপাতি উৎপাদিত পণ্যর মান নিয়ন্ত্রণে সক্ষম কি-না তা যাচাই করা। ল্যাবরেটরির সকল যন্ত্রপাতি চালুকৃত এবং তা পরিচালনার জন্য দক্ষ জনবল নিয়োগ দেওয়া আছে তা নিশ্চিত করা।
৫. কারখানার উৎপাদিত পণ্যর কাঁচামাল সংগ্রহ, ব্যবহার, উৎপাদিত পণ্য ও তা বাজারজাতকরণ সম্পকিত তথ্য সম্বলিত বিল ও ভাউচার ষ্টক রেজিষ্টারে যথাযথভাবে লিপিবদ্ধ আছে কি-না।
৬. এই নির্দেশিকায় বর্ণিত বিষয়াদি যথাযথভাবে প্রতিপালিত হয়েছে কি-না।
৭. পরিশিষ্ট-ক' তে বর্ণিত ছকপত্র অনুযায়ী পরিদর্শন প্রতিবেদন পরিদর্শনরত অবস্থায় ছবিসহ সুপারিশ সহকারে উর্দ্ধগামী করবেন।

৭.০ পাত্র লেবেলিংঃ

মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এর ধারা-১৩ মোতাবেক পাত্র লেবেলিং অনুসরণ করতে হবে। উৎপাদনকারী কোম্পানী/প্রতিষ্ঠান প্রতিটি পণ্যর গায়ে "শুধুমাত্র পশুখাদ্যে/পোল্ট্রিখাদ্যে ব্যবহারের জন্য ঘোষণা 'লাইসেন্স নম্বর/নিবন্ধন নং '০০০ (ক্যাট-১: ভেট প্রিমিক্স)' উল্লেখ করবে এবং পণ্যর জন্য বরাদ্দকৃত আইটেম কোড উল্লেখ করবে।

৮.০ পণ্য উৎপাদনঃ

লাইসেন্স এর সহিত সংযুক্ত অনুমোদিত পশু-পুষ্টি পণ্য তালিকা ব্যতীত অন্য কোন পণ্য প্রস্তুত করা যাবে না। প্রতিটি পণ্যর যেরুপ উপাদানের পুষ্টিমান (অনুপাত বা শতকরা হারে) উল্লেখ করা হয়েছে বা প্রানিসম্পদ অধিদপ্তর হতে নির্ধারন করে দেওয়া হয়েছে তার ব্যাত্তিক্রম করা যাবে না। ল্যাব টেষ্টে পণ্যর গুনগত মান পরিবর্তনের কোন প্রমান পাওয়া গেলে উক্ত পণ্যটির আইটেম কোড বালিতসহ লাইসেন্স স্থগিত বা বাতিল করা হবে। এ ক্ষেত্রে প্রানিসম্পদ অধিদপ্তরের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

**৯.০ লাইসেন্স স্থগিত বা বাতিলের কারণসমূহঃ**

মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এর ধারা-৯ মোতাবেক লাইসেন্স বাতিল বা স্থগিত করা যাবে। তবে প্রানিসম্পদ অধি নিম্নোক্ত যে কোন বা একাধিক কারনে লাইসেন্স স্থগিত বা বাতিলসহ আইনানুগ করবে-

ক. লাইসেন্স এর সহিত সংযুক্ত অনুমোদিত পশু-পুষ্টি পণ্য তালিকা ব্যতীত অন্য কোন পণ্য প্রস্তুত করা হলে।

খ. লাইসেন্সের সহিত সংযুক্ত প্রতিটি পণ্যর যেরুপ উপাদানের পুষ্টিমান (অনুপাত বা শতকরা হারে) উল্লেখ করা হ তার ব্যাতিক্রম করলে।

গ. অনুমোদনহীনভাবে উক্ত লাইসেন্সে আওতায় কোন এন্টিবায়োটিক উৎপাদন বা বাজারজাত করলে।

ঘ. প্রস্তুতকৃত পশুখাদ্যে কোনরুপ এন্টিবায়োটিক ব্যবহার করলে।

ঙ. প্যাকেজিং ও লেবেলিং-এ প্রতিটি পণ্যের উপাদানের পুষ্টিমান (অনুপাত বা শতকরা হারে), "শুধু পশুখাদ্যে/পোল্ট্রিখাদ্যে ব্যবহারের জন্য" ঘোষণা, প্রানিসম্পদ অধিদপ্তর এর **নিবন্ধন নং এবং আইটেম** বে উল্লেখ না থাকলে।

চ. মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন-২০১০, ও পশুখাদ্য বিধিমালা- ২০১৩ এর পরিপন্থী কোন কাজ করলে।

ছ. উৎপাদনকারী কোম্পানী/প্রতিষ্ঠান কতৃক পরিবেশ দূষণ হয় এর কোন প্রমাণ পাওয়া গেলে।

জ. লাইসেন্স এর মেয়াদ শেষ হওয়ার ১ (এক) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করা না হলে।

ঝ. সরকার কর্তৃক জারীকৃত বিধিনিষেধ এর ব্যাতয় ঘটলে।

ঞ. পশুখাদ্য প্রস্তুত এবং বাজারজাতকরণে কোন ব্যতিক্রম দেখা দিলে।

ট. আবেদনপত্রে কোন প্রকার ভূল/অসত্য তথ্য প্রদান করলে।

ঠ. প্রযোজ্য ক্ষেত্রে ৬ (ছয়) মাসের অধিক হয়েছে এমন পরিদর্শন প্রতিবেদন দাখিল করলে।

**১০.০ পশুখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাজারজাতকারক ক্যাটগরি-১ (ভেট প্রিমিক্স) লাইসেন্স প্রাপ্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র**

১. নির্ধারিত ফরমে আবেদনঃ 'পশুখাদ্য বিধিমালা, ২০১৩' এর তফসিল-১১ এর ফরম [বিধি-২(চ) দ্রষ্টব্য] আবেদনফর পূরণ করে কোম্পানী/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হাড প্যাডে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে মহাপরিচাল প্রানিসম্পদ অধিদপ্তর বরাবর আবেদন করতে হবে।)

২. আবেদনকারীর সত্যায়িত ছবি- ২ কপি ১ম শ্রেনীর গেজেটেড কমকর্তা কতৃক সত্যায়িত হতে হবে।

৩. প্রজেক্ট প্রোফাইলঃ ক্যাটগরি-১ এর ফ্যাক্টরি অবস্থানসহ উক্ত প্রতিষ্ঠানের সম্পূন প্রজেক্ট প্রফাইল দাখিল করতে হবে।

৪. লে-আউট প্ল্যান।

৫. দাগ, খতিয়ান উল্লেখপূবক পূর্ণাঙ্গ মৌজা ম্যাপ (প্রকল্পের স্থান চিহ্নিত করতে হবে)। ঠিকানা যথাযথভাবে যোগযো নম্বরসহ প্রদান করতে হবে।

৬. জায়গার মালিকানা দলিল/খতিয়ান (মিউটেশনসহ)/ভাড়ার চুক্তিপত্র। আবেদনকারী ভাড়াটিয়া হলে মূল মালিকের খতিয়া দাখিল করতে হবে।

৭. কোম্পানীর অর্গানোগ্রাম (লোকবলের বিবরণ ফ্লো-চার্ট আকারে এবং নিয়োগপত্রের সত্যায়িত ফটোকপিসহ)। যৌ মালিকানাধীন/লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে Registrar of Joint Stock Companies And Firms (RJSC) এর কাগজপত্র সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

৮. কারিগরি জনবল (১জন ফামাসিষ্ট/কেমিষ্ট ও ১ জন ডিভিএম/বিএসসি এএইচ, প্রানিপুষ্টিতে উচ্চতর ডিগ্রী) এ নিয়োগসংক্রান্ত কাগজপত্র যোগাযোগ নম্বরসহ প্রদান করতে হবে।

৯. টিআইএন সার্টিফিকেট ও হালনাগাদ আয়কর পরিশোধের সনদ। আয়কর সনদ কোম্পানীর নামে হতে হবে। ব্যক্তি মালিকানাধীন হলে আয়কর প্রত্যায়নপত্রে উক্ত কোম্পানীর মালিকানা/প্রোপাইটার উল্লেখ থাকতে হবে।


১০. ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট।

১১. হালনাগাদ ট্রেড লাইসেন্স। যদি কোম্পানীর অফিস ও কারখানা অবস্থান ভিন্ন হলে দুটি স্থানের হালনাগাদ ট্রেড লাইসেন্স প্রদান করতে হবে।
১২. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কতৃপক্ষের লাইসেন্স।
১৩. ওয়েষ্ট ডিসপোজাল (কারখানার বজ্য ও পয়ঃ নিষ্কাশন) প্ল্যান (ক্ষেত্র বিশেষে ETP- Effluent Treatment Plant থাকতে হবে)
১৪. উৎপন্ন দ্রব্যের প্রসেস ফ্লো ডায়াগ্রাম *(সংযুক্ত-ক)*।
১৫. পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র/অবস্থানগত ছাড়পত্র।
১৬. কোড নং: ১-৪৪৪১-০০০০-২৬৮১ তে মহাপরিচালক, প্রানিসম্পদ অধিদপ্তর বরাবর আবেদন ফরম ফি বাবদ- ১,০০০/- (এক হাজার টাকা) ও লাইসেন্স ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার ট্রেজারী চালান ও ১৫% ভ্যাট সংযোজন চালান কোড নং-১-১১৩৩-০০২৫-০৩১১।
১৭. উল্লেখিত ট্রেজারী চালানগুলো অনলাইনে যাচাই করে ফটোকপি দিতে হবে।
১৮. কারখানার মেশিনারী যন্ত্রপাতি ও সরঞ্জামাদি *(সংযুক্ত-খ)* মোতবেক থাকতে হবে।
১৯. মাননিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে যন্ত্রপাতি *(সংযুক্ত-গ)* মোতাবেক থাকতে হবে।
২০. পরিদর্শন প্রতিবেদন থাকতে হবে।
২১. ব্যবহৃত কাঁচামালের বিবরণ ও উৎস।
২২. উৎপন্ন দ্রব্যর তালিকা, কম্পজিশন (শতকরা হার/পরিমাণ), ও প্যাকসাইজ।
২৩. প্যাকিং ও লেবেলিং এর তথ্য নিভুল ও যৌক্তিকভাবে উপস্থাপন করতে হবে।
২৪. প্রস্তুতকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক কতৃক প্রত্যেক পৃষ্ঠায় প্রতিস্বাক্ষর ও সীল থাকতে হবে।
২৫. উল্লেখিত তালিকার ক্রমানুসারে রিং বাইন্ডিং করে ২(দুই) কপি প্রানিসম্পদ অধিদপ্তরে জমা দিতে হবে। কোন অসম্পূণ, অসত্য তথ্য সম্বলিত আবেদন গ্রহণ করা হবে না। কোন আবেদন অত্র দপ্তর হতে পরিদর্শনে প্রেরণ করা না হলে সরাসরি মাঠ পর্যায়ের কমিটি কর্তৃক পরিদর্শন হয়ে আসলে তা বিবেচনা করা হবে না বা মিটিংএ উপস্থাপন করা হবে না।


১.০ বাতিলকৃত আবেদনঃ পশুখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাজারজাতকারক ক্যাটগরি-১(ভেট প্রিমিক্স) লাইসেন্স প্রদান
যে সকল আবেদন কমিটি কর্তৃক অনুমোদিত হয়নি তা পরবর্তীতে আপিল ফি সহ প্রয়োজনীয় হালনাগাদ কাগজপত্রসহ আবেদন করা হলে মিটিং এ পুনরায় অনুমোদনের জন্য উপস্থাপন করা যাবে। এক্ষেত্রে উক্ত কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

'সংযুক্ত-ক'

১. পাউডার/স্যাচেট তৈরীর প্রসেস ফ্লো-চার্টঃ



২. লিকুইড তৈরীর প্রসেস ফ্লো-চার্টঃ



'সংযুক্ত-খ'

১. পাউডার/স্যাশেট তৈরীর মেশিনারিজের তালিকাঃ

| Sl. No | Machine Name | Use of purpose |
|---|---|---|
| 1. | Dispensing Booth | Material weight purpose |
| 2. | Ribbon Blender/Octa cone Blender | Powder Mixing |
| 3. | Horizontal Automatic Sachet filling & sealing machine with dust collector | Sachet Filling & Sealing |
| 4. | Horizontal Sealing Machine | Sachet Sealing |
| 5. | Aluminum Foil sealing machine | Aluminum Foil sealing container |
| 6. | Electrical Balance 150 kg | Weight purpose |
| 7. | Electrical Balance 6.0 kg | Weight purpose |
| 8. | Electrical Balance 1.5 kg | Weight purpose |
| 9. | SS Table | Packing |
| 10. | Auto Jet Batch Printing Machine | Batch Numbering |

২. লিকুইড তৈরীর মেশিনারিজের তালিকাঃ

| Sl. No | Machine Name | Use of purpose |
|---|---|---|
| 1. | High purity water system | Purified Water preparation |
| 2. | UV treatment plant | Purified Water preparation |
| 3. | Dispensing Both | Material weight purpose |
| 4. | Mixer Machine | Liquid mixing |
| 5. | Processing vat | Liquid preparation |
| 6. | Reserve vat | Liquid reserve |
| 7. | Double jacket Vat | Sugar solution preparation |
| 8. | Transfer Pump | Transfer liquid |
| 9. | Semi-Automatic Filling Machine 500 ml & 1.00 Lit | Bottle Filling |
| 10. | Automatic Online Filling, sealing, Labeling & packing Conveyor belt Machine 100 ml & 250 ml | Bottle Failing, Sealing, labeling & packing |
| 11. | Auto Jet Batch Printing Machine | Batch Numbering |
| 12. | SS Table | Packing |
| 13. | SS Vat 30 lit | Material solution preparation |
| 14. | SS Vat 20 lit | Material solution preparation |
| 15. | SS Vat 10 lit | Material solution preparation |

'সংযুক্ত-গ'

১. পাউডার/স্যাশেট তৈরীর ল্যাবরেটরি/কোয়ালিটি কন্ট্রোল মেশিনারিজের তালিকাঃ

| Sl. No | Machine Name | Use of Purpose |
|---|---|---|
| 1. | *HPLC(High Performance Liquid Chromatography) | Raw Material/ Finished product Potency test |
| 2. | *FTIR(Fourier Transfer Infrared) | Raw Material Identification test |
| 3. | UV-Visible Spectrophotometer | Raw Material/ Finished product Potency test |
| 4. | Moisture Balance | Raw material LOD Test |
| 5. | Leak Test Apparatus | Blister Strip Leak Test |
| 6. | Laboratory Digital Ultrasonic Bath | Raw material test purpose |
| 7. | Laboratory Ceramic Top Hot Plate | Raw material test purpose |
| 8. | Laboratory Analytical Balance (Digital) | Weight purpose |
| 9. | pH Meter | pH test |
| 10. | Melting point Apparatus | Raw material Identification |
| 11. | Stability Study Chamber | Powder Stability Test |
| 12. | Refractometer | Raw Material Identification test |
| 13. | Polarimeter | Raw Material Identification test |
| 14. | *Atomic Absorption Spectrophotometer | Identification & potency Test |
| 15. | Kerl Fisher Titration | Raw Material/ Finished product Potency test |

*প্রযোজ্য ক্ষেত্রে।

২. লিকুইড তৈরীর ল্যাবরেটরি/কোয়ালিটি কন্ট্রোল মেশিনারিজের তালিকাঃ

| Sl. No | Machine Name | Use of Purpose |
|---|---|---|
| 1. | *HPLC (High Performance Liquid Chromatography) | Raw Material/ Finished product Potency test |
| 2. | *FTIR (Fourier Transfer Infrared) | Raw Material Identification test |
| 3. | UV-Visible Spectrophotometer | Raw Material/ Finished product Potency test |
| 4. | Moisture Balance | Raw material LOD Test |
| 5. | Laboratory Digital Ultrasonic Bath | Raw material test purpose |
| 6. | Laboratory Ceramic Top Hot Plate | Raw material test purpose |
| 7. | Laboratory Analytical Balance (Digital) | Weight purpose |
| 8. | pH Meter | pH test |
| 9. | Melting point Apparatus | Raw material Identification |
| 10. | Stability Study Chamber | Liquid Stability Test |
| 11. | Refractometer | Raw Material Identification test |
| 12. | Polarimeter | Raw Material Identification test |
| 13. | Distilled water plant | Distilled water preparation |
| 14. | Incubator | Microbiological test purpose |
| 15. | Laminar Air Flow | Microbiological test purpose |

'সংযুক্ত-গ'

১. পাউডার/স্যাশেট তৈরীর ল্যাবরেটরি/কোয়ালিটি কন্ট্রোল মেশিনারিজের তালিকাঃ Lab

| Sl. No | Machine Name | Use of Purposes |
|---|---|---|
| 1. | *HPLC(High Performance Liquid Chromatography) | Raw Material/ Finished product Potency test |
| | | Raw Material Identification test |
| 2. | *FTIR(Fourier Transfer Infrared) | Raw Material/ Finished product |
| 3. | UV-Visible Spectrophotometer | Potency test |
| | | Raw material LOD Test |
| 4. | Moisture Balance | Blister Strip Leak Test |
| 5. | Leak Test Apparatus | Raw material test purpose |
| 6. | Laboratory Digital Ultrasonic Bath | Raw material test purpose |
| 7. | Laboratory Ceramic Top Hot Plate | Weight purpose |
| 8. | Laboratory Analytical Balance (Digital) | pH test |
| 9. | pH Meter | Raw material Identification |
| 10. | Melting point Apparatus | Powder Stability Test |
| 11. | Stability Study Chamber | Raw Material Identification test |
| 12. | Refractometer | Raw Material Identification test |
| 13. | Polarimeter | Identification & potency Test |
| 14. | *Atomic Absorption Spectrophotometer | Raw Material/ Finished product |
| 15. | Kerl Fisher Titration | Potency test |

*প্রযোজ্য ক্ষেত্রে।

২. লিকুইড তৈরীর ল্যাবরেটরি/কোয়ালিটি কন্ট্রোল মেশিনারিজের তালিকাঃ Lab

| Sl. No | Machine Name | Use of Purpose |
|---|---|---|
| 1. | *HPLC (High Performance Liquid Chromatography) (Avoid) | Raw Material/ Finished product Potency test |
| | | Raw Material Identification test |
| 2. | *FTIR (Fourier Transfer Infrared) | Raw Material/ Finished product Potency test |
| 3. | UV-Visible Spectrophotometer | Raw material LOD Test |
| 4. | Moisture Balance | Raw material test purpose |
| 5. | Laboratory Digital Ultrasonic Bath | Raw material test purpose |
| 6. | Laboratory Ceramic Top Hot Plate | Weight purpose |
| 7. | Laboratory Analytical Balance (Digital) | pH test |
| 8. | pH Meter | Raw material Identification |
| 9. | Melting point Apparatus | Liquid Stability Test |
| 10. | Stability Study Chamber | Raw Material Identification test |
| 11. | Refractometer | Raw Material Identification test |
| 12. | Polarimeter | Distilled water preparation |
| 13. | Distilled water plant | Microbiological test purpose |
| 14. | Incubator | Microbiological test purpose |
| 15. | Laminar Air Flow | |